

শ্রদ্ধার্থ্য

সাহিত্যিক সুনীল গঙ্গোপাধ্যায় স্মরণে

নরেন্দ্রনাথ দাশগুপ্ত

সুনীল গঙ্গোপাধ্যায়-এর যা দেখি, 'যা শুনি, একা একা কথা বলি'। তারই একটি নিবন্ধে তিনি লিখেছিলেন যখন কোনও সাংঘাতিক ঘট্য ব্যাপার ঘটতে থাকে, যার প্রতিকার করার ক্ষমতা আমার নেই, তখন আমি কোনও প্রিয় কবির কবিতার বই খুলে পড়তে শুরু করি। প্রথমে কয়েক মিনিট মন বসাতে পারি না, তারপর আস্তে আস্তে নিমজ্জিত হই কবিতার রসে হ্যাঁ, কবিতার সেই শক্তি আছে। বাস্তবের নগ্ন দিকটা সে ভুলিয়ে দিতে পারে।

তাঁর প্রয়াণে আমার একটি কবিতায় তাঁকে শ্রদ্ধা নিবেদন...

আমি চিন্তা করি, তাই আমি আছি

আমি চিন্তা করি, তাই আমি আছি
চিন্তার জগতে রক্ত ঝরে অশ্রু ঝরে সেখানেই
চেতনার স্বাধীনতা স্বপ্ন আর জাগরণ
অন্তহীন ক্ষমতার প্রবণতা রোজ
বুকের গহিনে দাবানল ঘূর্ণি তোলা ঝড় শুধু
নিভৃত বেদনা অনিশ্চিত নিরাপত্তা
আছে এক ভাবনার মানুষ---
ব্যথিত হৃদয়ে দিয়ে যায় দীর্ঘ চূড়ান্ত সান্ত্বনা
অরণ্য গভীরে হাঁটি চাঁদ নিয়ে তারা নিয়ে, কাঁদে
অহর্নিশ সর্বহারী প্রান্তিক মানুষ হাহাকারে
স্বৈচ্ছা নির্বাসন কার কাছে মানবিক চিন্তার প্রকাশ
নোনা জলে ভিজে আছে সব
কতো যে বেদনাহত দুর্গত মানুষ শুধু
বিষাদ কাহিনি---
আছে চেতনার তৃতীয় নয়ন, আর
নৈঃশব্দের বাণী...